

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইসমাতুল আম্বিয়া, সাহাবায়ে কেরাম, তাকফীর, সুন্নাত ও ইমামাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুন্নাহ জাহাঙ্গীর (রহ.)

8. ১. সাহাবীগণ বিষয়ক শীয়া বিভ্রান্তি

ইমাম আবূ হানীফা (রাহ) ঈমান-আকীদা বিষয়ক তাঁর যুগে বিদ্যমান বিভ্রান্তিঅপনোদন ও খন্ডন করেছেন। আমরা দেখেছি যে, সাহাবীগণের যুগেই মুসলিম উম্মাহর দ্বিতীয় প্রজন্মের মধ্যে যে বিভ্রান্তি ও বিভক্তি দেখা দেয় তার অন্যতম ছিল "শীয়া" ও "খারিজী" মতবাদ।

শীয়া ও খারিজী: মুসলিম উম্মাহর প্রথম ও প্রধান এদুটি ফিরকার উদ্ভব ঘটেছিল রাজনৈতিক কারণে। শীয়া (الشيعة علي) শন্দের অর্থ দল, অনুসারী বা সাহায্যকারী। পারিভাষিকভাবে শীয়া বলতে 'শীয়াতু আলী' (شيعة علي) বা আলীর (রা) দল, আলীর অনুসারী বা আলীর সাহায্যকারী বুঝানো হয়। শীয়াগণ নিজেদেরকে আলী (রা)-এর অনুসারী বা তাঁর দল বলে দাবি করেন। শীয়া ফিরকার মূল ভিত্তি আলী (রা) ও তাঁর বংশধরদের জন্য রাষ্ট্রীয় নেতৃত্বের দাবি। এ দাবিকে কেন্দ্র করে অগণিত আকীদা তাদের মধ্যে জন্ম নিয়েছে। এ সকল আকীদার অন্যতম বিষয় সাহাবীগণের অবমর্যাদা করা ও গালি দেওয়া। তারা 'আহল বাইতের (নবী-বংশের) ভালবাসা ও ভক্তির নামে সাহাবীগণের বিরুদ্ধে কুৎসা রটনা ও তাঁদের প্রতি বিদ্বেষ প্রচারে রত। ইমাম আবূ হানীফা এখানে তাদের মতবাদ খন্ডন করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7189

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন